

১০/৫/০৭
২৪

ছয় বছর ধরে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা কমছে

১০ মে পরীক্ষা শুরু

বিমান চৌধুরী : দেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, এইচএসসি (ভোকেশনাল), আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা গত পাঁচ বছরের ধারাবাহিকতায় এবারো কমেছে। দেশের দ্বিতীয় বৃহত্তম পাবলিক পরীক্ষায় ২০০৬ সালের তুলনায় এবার ১৬ হাজার ৫৮২ জন পরীক্ষার্থী কমেছে। ২০০৫ সালের তুলনায় ২০০৬ সালে ৭ হাজার ১৫০ জন, ২০০৪ সালের তুলনায় ২০০৫ সালে ৩১ হাজার ৬৮৫ জন পরীক্ষার্থী কম ১১২৯১০

ছয় বছর ধরে এইচএসসি

১২-০৪ পৃষ্ঠায় পড়

ছিল। শিক্ষা মন্ত্রণালয় সূত্র বরাবর গত কয়েক বছর ধরে নকলবিরোধী অভিযানের ফলে পাঠে অনন্যবোধী শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত থাকছে। এছাড়া দেশের বিভিন্ন কলেজের শিক্ষক ও ম্যানেজিং কমিটি এইচএসসির দুপ্যায়ন পরীক্ষায় অনুলীর্ণদের ব্যাপারে শক্ত অবস্থান নিয়েছে। অনুলীর্ণদের পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখছে। ফলে পরীক্ষার্থীর সংখ্যা কমছে। এবারের এসএসসি পরীক্ষা শেষ হতে না হতেই এইচএসসি পরীক্ষার সময়সূচি অনুমোদন করেছে শিক্ষা মন্ত্রণালয়। সে অনুযায়ী দেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এবারের এইচএসসি, এইচএসসি (ভোকেশনাল), আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা আগামী ১০ মে একযোগে শুরু হবে। লিখিত পরীক্ষা শেষ হবে আগামী ২১ জুন। বাবাহারিক পরীক্ষা ২৮ জুন থেকে শুরু হয়ে চলবে ১২ জুলাই পর্যন্ত। ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সব প্রকৃতি সম্পন্ন করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, আসন্ন এইচএসসি পরীক্ষায় নয়টি শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ৪১ হাজার ৮১৭ জন। গত বছর নয়টি শিক্ষাবোর্ডে ৫ লাখ ৫৮ হাজার ৩৯৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। ২০০৫ সালে ৫ লাখ ৬৫ হাজার ৫৪৯ জন এবং ২০০৪ সালে নয়টি শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫ লাখ ৯৭ হাজার ২০৪ জন।